

ব্যাংকিং পরিষিৎ ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নেটোর নং-০৬

১২ জানুয়ারি ২০২১

তারিখঃ -----

২৭ পৌষ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নডেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে  
সভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রগোদনা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি  
আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোচ্চ সার্কুলারের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আর্থিক সহায়তা প্যাকেজের আওতায় ক্ষতিগ্রস্ত শিল্প ও  
সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাসমূহ জারি  
করা হয়। উক্ত সার্কুলারে এ প্যাকেজের আওতায় বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফার অর্ধেক গ্রাহক পরিশোধ  
করবে এবং অবশিষ্ট অংশ সরকারের নিকট হতে সংশ্লিষ্ট ব্যাংক ভর্তুকী হিসেবে প্রাপ্য হবে মর্মে উল্লেখ রয়েছে।

০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ব্যাংক আলোচ্য প্যাকেজের আওতায় প্রদত্ত খণ্ড/বিনিয়োগের বিপরীতে  
নির্ধারিত সমুদয় সুদ/মুনাফা গ্রাহকের খণ্ড/বিনিয়োগ হিসাবের বিপরীতে আরোপ করছে; যার ফলে গ্রাহক আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন  
হচ্ছে। এক্ষণে ব্যাংক পর্যায়ে অভিযন্ত হিসাবায়ন নিশ্চিত করার লক্ষ্যে এবং অতিরিক্ত সুদ/মুনাফা আরোপের ফলে গ্রাহক যাতে  
আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত না হয় সে বিবেচনায় আলোচ্য প্যাকেজের আওতায় প্রদত্ত খণ্ড/বিনিয়োগের বিপরীতে শুধুমাত্র সুদ/মুনাফা  
আরোপের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে :

“খণ্ড/বিনিয়োগের উপর আরোপযোগ্য নির্ধারিত সুদ/মুনাফার শুধুমাত্র গ্রাহক কর্তৃক প্রদেয় অংশ (সর্বোচ্চ ৪.৫০%)  
গ্রাহকের খণ্ড/বিনিয়োগ হিসাবের বিপরীতে আরোপ করা যাবে এবং অবশিষ্ট অংশ পৃথক হিসাবে সংরক্ষণ করতে হবে। তবে,  
খণ্ড/বিনিয়োগ গ্রাহীতা কর্তৃক প্রদেয় সুদ/মুনাফা আলোচ্য সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুযায়ী যথাসময়ে পরিশোধিত না হলে ব্যাংক  
সমুদয় সুদ/মুনাফা গ্রাহকের খণ্ড/বিনিয়োগ হিসাবের বিপরীতে আরোপ করতে পারবে এবং তা গ্রাহকের দায় হিসেবে বিবেচিত  
হবে।”

০৪। এতদ্যুক্তিত খণ্ড/বিনিয়োগ আদায়, সুদ/মুনাফার অর্থ পুনর্ভরণসহ সার্বিক বিষয়ে উল্লিখিত সার্কুলারের নির্দেশনাসমূহ  
অনুসরণ করতে হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২